

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
জেলা কার্যালয়, টিসিবি ভবন (২য় তলা)
শিববাড়ী মোড়, খুলনা।
www.dncrp.khulna.gov.bd

সভার নোটিশ

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, খুলনা জেলা কার্যালয়, খুলনা এর ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোর ক্রমিক নং ৩.৬ অনুসারে নিয়মিত বাজার তদারকি কার্যক্রম ও ভোক্তাদের নিকট থেকে প্রাপ্ত অভিযোগ শুনানি অন্তর্ভুক্ত সংক্রান্ত কার্যক্রম পর্যালোচনা বিষয়ক ১ম সভা আগামী ২৮-০৯-২০২১ তারিখ সকাল ১১.০০ টায় এ কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

২। উক্ত সভায় যথা সময়ে কমিটির সকল সদস্যদের যথাযথ স্বাস্থ্যবিধি মেনে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।



শিকদার শাহীনুর আলম
সহকারী পরিচালক

ফোন : ০২৪৭৭-৭২১৩২১

ad-khulna@dncrp.gov.bd

স্মারক নম্বর- ২৬.০৪.৪৭০০.৭০২.০৫.০০৩.২১.১৩১

তারিখ : ২৬-০৯-২০২১ খ্রি.

অনুলিপি :

- ০১। উপপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, খুলনা।
- ০২। অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, জেলা কার্যালয়, খুলনা।
- ০৩। অফিস কপি।

নিয়মিত বাজার তদারকি কার্যক্রম ও ভোক্তাদের নিকট থেকে প্রাপ্ত অভিযোগ শুনানি অন্তে নিষ্পত্তি সংক্রান্ত কার্যক্রম
পর্যালোচনা বিষয়ক ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব শিকদার শাহীনের আলম

সহকারী পরিচালক

তারিখ : ২৮-০৯-২০২১ খ্রি.

সময় : সকাল ১১.০০টা


স্থান : সভাপতি মহোদয়ের অফিস কক্ষ

সভার উপস্থিতি : পরিশিষ্ট-“ক”এ সংযোজিত।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়নের জন্য নিয়মিত বাজার তদারকি কার্যক্রম ও ভোক্তাদের নিকট থেকে প্রাপ্ত অভিযোগ শুনানি অন্তে নিষ্পত্তি সংক্রান্ত কার্যক্রম পর্যালোচনা বিষয়ক কমিটি কর্তৃক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয় :

| ক্র. নং. | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|----------|--|---|
| ০১ | লিখিত অভিযোগ গ্রহণে অভিযোগকারীর প্রতি আন্তরিকতা প্রদর্শন ও সহায়তা এবং লিখিত আমলযোগ্য অভিযোগসমূহ যথাসম্ভব সর্বনিম্ন সময়ে নিষ্পত্তিকরণের ব্যবস্থা করতে হবে। | সহকারী পরিচালক ও অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক |
| ০২ | অভিযোগ নিষ্পত্তির ক্ষেত্রে কোন ধরনের পক্ষপাতিত্বের বশবর্তী না হয়ে বা অন্য কারও দ্বারা প্রভাবিত না হয়ে আইন অনুযায়ী সঠিকভাবে নিষ্পত্তি করতে হবে। | সহকারী পরিচালক ও অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক |
| ০৩ | ভোক্তাদের অধিকার রক্ষার্থে ২০২১-২২ অর্থবছরে মোট ১০০টি বাজার তদারকির মধ্যে ১ম ত্রৈমাসিক পর্যন্ত ২০টি বাজার তদারকি কার্যক্রম পরিচালনা করা করা হয়েছে। বাজার তদারকির সময় জনস্বার্থের কথা চিন্তা করে ব্যবসায়ী/দোকান/প্রতিষ্ঠান এর অবস্থান অনুযায়ী জরিমানা আরোপ বা শাস্তির বিষয়ে সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে। | সহকারী পরিচালক |
| ০৪ | লক্ষ্যমাত্রা অনুযায়ী ১ম ত্রৈমাসিক পর্যন্ত মোট ০৪টি সচেতনতামূলক সভা আয়োজন সম্পন্ন হয়েছে। | সহকারী পরিচালক |
| ০৫ | ভোক্তাদের অধিকার রক্ষার্থে ও APA লক্ষ্যমাত্রা পূরণের জন্য তদারকি কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | সহকারী পরিচালক |
| ০৬ | বাজার তদারকির সময় জনস্বার্থের কথা চিন্তা করে ব্যবসায়ী/দোকান/প্রতিষ্ঠান এর অবস্থান অনুযায়ী জরিমানা আরোপ বা শাস্তির বিষয়ে সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে। | সহকারী পরিচালক |
| ০৭ | বাজার তদারকি/জনসচেতনতামূলক সভা/গণশুনানির সময় মন্ত্রণালয় ও অধিদপ্তর কর্তৃক প্রেরিত লিফলেট/পাম্পলেট/অন্য কোন প্রচার পত্র যথাযথভাবে বিতরণ করা করতে হবে। | সহকারী পরিচালক ও অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক |
| ০৮ | করোনাকালীন মহামারীর সময়ে সরকার নির্দেশিত সকল স্বাস্থ্য বিধি অনুসরণপূর্বক সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে। | সহকারী পরিচালক ও অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



শিকদার শাহীনের আলম
সহকারী পরিচালক
ফোন: ০২৪৭৭-৭২১৩২১
ad-khulna@dncrp.gov.bd

স্মারকনম্বর - ২৬.০৪.৪৭০০.৭০২.০৫.০০৩.২১.১৩২

তারিখ : ২৮-০৯-২০২১ খ্রি.

অনুলিপি :

- ০১। উপপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, খুলনা।
- ০২। অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, জেলা কার্যালয়, খুলনা।
- ০৩। অফিস কপি।


শিকদার শাহীনুর আলম
সহকারী পরিচালক